Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 19 April, 2025

কুয়াকাটায় বর্ষবরণের উৎসবে মেতে উঠেছে রাখাইন সম্প্রদায়ের তরুণ-তরুণীরা।শুক্রবার (১৮ এপ্রিল) বিকেল ৩টায় কুয়াকাটা রাখাইন মহিলা মার্কেট মাঠে তিনদিনের এ অনুষ্ঠানের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. রবিউল ইসলাম।

এর আগে সকালে বুদ্ধ স্নানের মধ্যে দিয়ে কুয়াকাটায় শুরু হয় ঐতিহ্যবাহী সাংগ্রাই উৎসব। সেটি চলবে রোববার পর্যন্ত।

কুয়াকাটায় বর্ষ বরণের উৎসবে মেতে উঠেছে রাখাইন সম্প্রদায়ের তরুণ-তরুণীরা

আয়োজক সূত্র জানায়, নতুন বছর বরণ করতে তিন দিনব্যাপী রাখাইন সম্প্রদায় মেতে উঠবে সাংগ্রাই উৎসবে।নতুন বছর স্বাগত জানাতে রাখাইন তরুণ-তরুণীরা ধর্মীয় বিশেষ প্রার্থনা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, নৃত্য, মৈত্রীয় জলবর্ষণসহ বিভিন্ন আয়োজনে মুখর হয়ে ওঠে।

অনুষ্ঠানে ট্যুরিস্ট পুলিশ কুয়াকাটা রিজিয়নের সিনিয়র সহকারী পুলিশ সুপার হাবিবুর রহমান, মহপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তরিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

কুয়াকাটায় বর্ষ বরণের উৎসবে মেতে উঠেছে রাখাইন সম্প্রদায়ের তরুণ-তরুণীরা

কুয়াকাটা কেরানি পাড়ার উংচো উচো মাতুব্বর বলেন, চৈত্রসংক্রান্তির দিন থেকে এ উৎসবের নানা আনুষ্ঠানিকতা শুরু করি আমরা।১৩৮৫ সালকে বরণ করতে আমরা আসলে এ সাংগ্রাইয়ের শেষ অধ্যায় হিসেবে জলকেলির আয়োজন করেছি।আমরা খুবই আনন্দিত।মূলত

এ জলকেলি অনুষ্ঠান ছিল সবার আকর্ষণের কেন্দ্রবিন্দু।

জলকেলি রাখাইন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 17:00

URL: https://www.timestodaybd.com/barishal/8070231054